ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন বিভাগ
প্লট-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা।
www.dncc.gov.bd

**শেখ হাসিনার মূলনীতি**
**গ্রাম শহরের উন্নতি**

**স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনে গৃহীত কর্মসূচী যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ সেলিম রেজা, প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন |
| তারিখ | : | ০৬ শ্রাবণ ১৪২৯ বঙ্গাব্দ<br>২১ জুলাই, ২০২২ খ্রিস্টাব্দ |
| সময় | : | বেলা ০৩.৩০ ঘটিকা |
| স্থান | : | মেয়র মহোদয়ের সম্মেলন কক্ষ |

সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট “ক”

সভাপতির উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। ১৫ আগস্ট ২০২২ তারিখ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদত বার্ষিকীতে যথাযথ মর্যাদায় ও ভাবগম্ভীর পরিবেশে জাতীয় শোক দিবস পালনের লক্ষ্যে জাতীয় পর্যায়ে গৃহীত কর্মসূচির আলোকে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের করণীয় ও কর্মসূচি প্রণয়নের জন্য মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয়। আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| **আলোচ্য বিষয়-০১** | **জাতীয় পতাকা অর্ধনমিতকরণ।** | | |
|---|---|---|---|
| গৃহীত সিদ্ধান্ত | ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
| | ১. | ১৫ আগস্ট ২০২২ তারিখ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান ও বেসরকারি ভবনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে। তারই অনুবৃত্তিক্রমে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের প্রধান কার্যালয়, ৮১ গুলশান এভিনিউ কার্যালয় এবং ১০টি আঞ্চলিক অফিসসহ ডিএনসিসি'র দাপ্তরিক স্থাপনাসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে। | ১. সম্মানিত কাউন্সিলর (সকল)<br>২. বিভাগীয় প্রধান (সকল)<br>৩. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল) |
| | ২. | ডিএনসিসি'র আওতাভূক্ত এলাকায় জাতীয় পতাকা অর্ধনমিত রাখা, ছেঁড়া বা বিবর্ণ পতাকা ব্যবহার না করা ও মানসম্মত কাপড়ে যথানিয়মে জাতীয় পতাকা প্রস্তুত করা এবং সঠিক নিয়মে পতাকা সম্পূর্ণ উত্তোলন করে পরবর্তীতে অর্ধনমিত রাখা, সূর্যাস্তের সময় পতাকা সম্পূর্ণ উত্তোলন করে পরে নামিয়ে ফেলা ইত্যাদি বিষয়সমূহ পর্যবেক্ষণের জন্য স্ব স্ব আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা এবং বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট'কে দায়িত্ব প্রদান করা হয়। | ১. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল)<br>২. বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট |
| | ৩. | জাতীয় পতাকা নতুনভাবে ০২ (দুই) সেট করে তৈরি করে রাখার জন্য প্রধান ভান্ডার ও ক্রয় কর্মকর্তা পদক্ষেপ গ্রহণ করবেন। | প্রধান ভান্ডার ও ক্রয় কর্মকর্তা |

| **আলোচ্য বিষয়-০২** | **১৫ আগস্ট ১৯৭৫ তারিখে শাহাদত বরণকারী জাতির পিতার পরিবারের সদস্যবৃন্দ ও অন্যান্য শহিদদের কবরে (ঢাকার বনানী কবরস্থানে) সকাল ০৭.৩০ ঘটিকায় মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পুষ্পস্তবক ও ফুলের পাপড়ি অর্পণ, ফাতেহা পাঠ ও দোয়া।** | | |
|---|---|---|---|
| গৃহীত সিদ্ধান্ত | ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
| | ১. | ১৫ আগস্ট ১৯৭৫ তারিখে শাহাদত বরণকারী জাতির পিতার পরিবারের সদস্যবৃন্দ ও অন্যান্য শহিদদের কবরে (ঢাকার | • প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা |

| | | |
|---|---|---|
| | বনানী কবরস্থানে) সকাল ৭.৩০ ঘটিকায় পুষ্পস্তবক ও ফুলের পাপড়ি অর্পণ ও ফাতেহা পাঠ ও দোয়া উপলক্ষ্যে অনুষ্ঠানস্থল, সমগ্র বনানী কবরস্থান এবং পার্শ্ববর্তী এলাকা পরিস্কার-পরিচ্ছন্ন রাখা। | • প্রধান সমাজ কল্যাণ কর্মকর্তা<br>• আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-৩ |
| ২. | বনানী কবরস্থান এলাকায় উন্নতমানের ত্রিপলযুক্ত পানি নিরোধক (ওয়াটার প্রুফ) প্যান্ডেল স্থাপন এবং ভালোভাবে লাগানোর ব্যবস্থা করতে হবে যাতে খুলে না যায়। | প্রধান সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা |
| ৩. | বনানী কবরস্থান, পার্শ্ববর্তী এলাকা ও প্যান্ডেলে পর্যাপ্ত লাইটিং এর ব্যবস্থা গ্রহণ এবং ফায়ার সার্ভিস এর গাড়িসহ অভিজ্ঞ টিম (এসবি পাশ সহ) উপস্থিতি নিশ্চিত করতে হবে। | • প্রধান প্রকৌশলী<br>• নিরাপত্তা কর্মকর্তা |
| ৪. | আবশ্যিকভাবে দায়িত্বপ্রাপ্ত সকল কর্মকর্তার কোভিড টেস্ট নিশ্চিত করতে হবে। টেস্টের জন্য ১৩ আগস্ট পূর্বাহ্নের মধ্যে স্যাম্পল সংগ্রহ করে ১৪ আগস্ট সকাল ১০.০০ ঘটিকার মধ্যে রিপোর্ট প্রদান নিশ্চিত করতে হবে। | প্রধান স্বাস্থ্য কর্মকর্তা |
| ৫. | ১৫ আগস্ট ২০২২ উপলক্ষ্যে বনানী কবরস্থানসহ পার্শ্ববর্তী এলাকায় মশকনিধনের জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | প্রধান স্বাস্থ্য কর্মকর্তা |
| ৬. | অনুষ্ঠানস্থলের সার্বিক আইন-শৃঙ্খলা ও নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক সিসিটিভি স্থাপন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সিস্টেম এনালিস্ট |
| ৭. | বানর এর অনাকাঙ্খিত অনুপ্রবেশ এড়াতে প্যান্ডেল এর সিলিং ভালোভাবে করতে হবে এবং বানরের খাবারের পর্যাপ্ত ব্যবস্থা করতে হবে । বন বিভাগকে এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য পত্র প্রেরণ করতে হবে। | • প্রধান প্রকৌশলী<br>• প্রধান বন সংরক্ষক<br>• প্রধান সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা |
| ৮. | ১৫ আগস্ট ২০২২ উপলক্ষ্যে বনানী কবরস্থানের ছাদের ফুলের টব (নিরাপত্তার স্বার্থে) অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা |
| ৯. | বনানী কবরস্থানের আশেপাশের বাড়ীগুলোর বাহ্যিক অংশ পরিস্কার-পরিচ্ছন্ন রাখার জন্য বাড়ির মালিকদের অনুরোধ জানাতে হবে। | আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-৩ |
| ১০. | বনানী কবরস্থানের ভিভিআইপি কক্ষের জানালা ভ্যাপসা গন্ধ দূর করার জন্য প্রতিদিন নিয়ম খুলা রাখতে হবে এবং অফিস/বিশ্রাম কক্ষ/ভিভিআইপি কক্ষ ধোয়া মোছাসহ প্রয়োজনীয় সংস্কার, মানসম্মত টয়লেট, টয়লেট্রিজ, টয়লেটে প্রবেশের স্যান্ডেল, শীতাতপ নিয়ন্ত্রিত যন্ত্র, লাইটিং এবং ভিভিআইপি কক্ষের জন্য নতুন আসবাবপত্রের ক্রয় ও অন্যান্য সরঞ্জামাদি যথাযথভাবে প্রস্তুত রাখতে হবে। | • প্রধান প্রকৌশলী<br>• প্রধান সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা<br>• প্রধান ভান্ডার ও ক্রয় কর্মকর্তা |
| ১১. | অনুষ্ঠানের দিন বনানী কবরস্থানে ডিএনসিসি'র যেসব কর্মকর্তা/কর্মচারি অবস্থান করবে তাদের এসবি পাশ সংগ্রহ করার এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীর মোবাইল নাম্বার ব্যবহারের SSF অনুমতির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | নিরাপত্তা কর্মকর্তা |
| ১২. | আগামী ১৩/০৮/২০২২ খ্রি: তারিখ রাত ১২.০০ টার মধ্যে বনানী কবরস্থানের আশে পাশের সকল ব্যানার, পোস্টার, ফেস্টুন অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং সবপ্রস্তুতি সম্পন্ন করবে। | • প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা<br>• প্রধান রাজস্ব কর্মকর্তা<br>• আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-৩ |
| ১৩. | বনানী কবরস্থানে ভিআইপি অতিথিদের জন্য প্রয়োজনীয় খাবার পানি ও কমপক্ষে ২০টি বড় ছাতা মজুদ রাখার | প্রধান সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| | | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ ছাড়াও আগত অতিথি ও কর্মকর্তাদের বসার জন্য ব্যবস্থা রাখতে হবে। | |
| | ১৪. | পবিত্র কোরআন তেলাওয়াত, ফাতেহা পাঠ ও মোনাজাত পরিচালনার জন্য নিয়মিত ঈমামসহ বিকল্প ঈমাম (এসবি পাশসহ) এর উপস্থিতি নিশ্চিত করতে হবে। | • প্রধান সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা<br>• নিরাপত্তা কর্মকর্তা |
| | ১৫. | ১৫ আগস্ট ১৯৭৫ তারিখে শাহাদত বরণকারী জাতির পিতার পরিবারের সদস্যবৃন্দ ও অন্যান্য শহিদদের কবরে ডিএনসিসি'র পক্ষ থেকে শ্রদ্ধা নিবেদনের লক্ষে প্রয়োজনীয় সংখ্যক পুষ্পস্তবক প্রস্তুত রাখা হবে। | • সচিব, ডিএনসিসি<br>• প্রধান সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা |
| | ১৬. | ১৫ আগস্ট ২০২২ উদযাপন উপলক্ষ্যে স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক জারিকৃত নিম্নরূপ স্বাস্থ্য বিধি অনুসরণ করতে হবেঃ<br><br>**<u>শ্রদ্ধা জ্ঞাপন অনুষ্ঠানঃ</u>**<br>১. অনুষ্ঠান স্থলে প্রবেশ ও বাহির পথ পৃথক ও নির্দিষ্ট করতে হবে।<br>২. শ্রদ্ধাজ্ঞাপন স্থানে একসাথে ১৫-২০ জনের বেশী মানুষ প্রবেশ করতে পারবেন না। আগত ব্যক্তিবর্গ নির্দিষ্ট দূরত্ব (৩ ফুট/কমপক্ষে ২ হাত) বজায় রেখে লাইন করে সারিবদ্ধভাবে প্রবেশ করবেন এবং শ্রদ্ধাজ্ঞাপন শেষে বের হয়ে যাবেন। সম্ভব হলে পুরো পথ পরিক্রমাটি গোল চিহ্ন দিয়ে নির্দিষ্ট করা যেতে পারে।<br>৩. সমাবেশে আগত সকলের মাস্ক পরা বাধ্যতামূলক। প্রবেশ পথে হ্যান্ড স্যানিটাইজার সরবরাহ ও ব্যবহার নিশ্চিত করতে হবে।<br>৪. সর্দি, কাশি, জ্বর বা শ্বাসকষ্ট নিয়ে কেউ অনুষ্ঠান স্থলে প্রবেশ করবেন না।<br>৫. হাঁচি বা কাশির সময় টিস্যু, রুমাল বা কনুই দিয়ে নাক ও মুখ ঢাকতে হবে। ব্যবহৃত টিস্যু ও বর্জ্য ফেলার জন্য পর্যাপ্ত ঢাকনাযুক্ত বিনের ব্যবস্থা থাকতে হবে এবং জরুরীভাবে তা অপসারণের ব্যবস্থা করতে হবে।<br><br>**<u>আলোচনা সভা/মিলাদ মাহফিলঃ</u>**<br>১. জনসমাগম যথাসম্ভব কম রাখতে হবে। অনুষ্ঠানস্থল বা কক্ষের আয়তনের উপর লোকসংখ্যার উপস্থিতি নির্ধারণ করতে হবে।<br>২. অনুষ্ঠানে আগত সকলের মাস্ক পরিধান বাধ্যতামূলক। মাস্ক ব্যতিত কেউ অনুষ্ঠানস্থলে প্রবেশ করতে পারবেন না।<br>৩. প্রবেশ পথে সাবান পানি দিয়ে হাত ধোয়ার ব্যবস্থা করা যেতে পারে। সম্ভব না হলে হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার নিশ্চিত করতে হবে।<br>৪. অনুষ্ঠানস্থলে একজন থেকে আরেকজনের দূরত্ব (৩ ফুট/কমপক্ষে ২ হাত) বজায় রেখে বসার ব্যবস্থা করতে হবে। প্রয়োজনে বসারস্থান নির্দিষ্ট করে দিতে হবে।<br>৫. হাচি বা কাশির সময় টিস্যু, রুমাল বা কনুই দিয়ে নাক ও মুখ ঢাকতে হবে। ব্যবহৃত টিস্যু ও বর্জ্য ফেলার জন্য পর্যাপ্ত ঢাকনাযুক্ত বিনের ব্যবস্থা থাকতে হবে এবং জরুরীভাবে তা অপসারণের ব্যবস্থা করতে হবে। | ১. সম্মানিত কাউন্সিলর (সকল)<br>২. বিভাগীয় প্রধান (সকল)<br>৩. প্রধান সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা<br>৪. প্রধান ভান্ডার ও ক্রয় কর্মকর্তা |

| আলোচ্য বিষয়-০৩ | **ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের প্রধান কার্যালয়ের সম্মুখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুস্পস্তবক অর্পণ প্রধান কার্যালয় ও আঞ্চলিক কার্যালয়ে মিলাদ মাহফিল ও দোয়া আয়োজন।** | | |
|---|---|---|---|
| গৃহীত সিদ্ধান্ত | ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
| | ১. | ১৫ আগস্ট ২০২২ তারিখ সকাল ০৯.০০ ঘটিকার সময় ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের প্রধান কার্যালয়ের সম্মুখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের পক্ষ থেকে সমন্বিতভাবে পুস্পস্তবক অর্পণ করা হবে এবং বেলা ১১:০০ ঘটিকায় নগরভবন সম্মেলন কক্ষ (লেভেল-৬) এক আলোচনা সভা অনুষ্ঠিত হবে। | • সম্মানিত কাউন্সিলর (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।<br>• বিভাগীয় প্রধান (সকল)<br>• আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল)<br>• শ্রমিক-কর্মচারি সংগঠনসমূহ |
| | ২. | ১. দোয়া মাহফিলের ব্যয় নির্বাহের জন্য ১০ টি অঞ্চলের প্রতিটি অঞ্চলে ২০,০০০/- (বিশ হাজার) টাকা করে সর্বমোট (১০ x ২০০০০)=২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা বরাদ্দ প্রদান করা হবে।<br>২. ডিএনসিসি'র ৭২ জন সম্মানিত কাউন্সিলরদের অনুকূলে ২০,০০০/- (বিশ হাজার) টাকা করে সর্বমোট (৭২x২০০০০)= ১৪,৪০,০০০/- (চৌদ্দ লক্ষ চল্লিশ হাজার) বরাদ্দ প্রদান করা হবে।<br>৩. প্রধান কার্যালয়ের আলোচনা ও দোয়া মাহফিলের জন্য তবারক, ব্যানার তৈরীসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করা হয়। | • সম্মানিত কাউন্সিলর (সকল),ডিএনসিসি।<br>• আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), ডিএনসিসি<br>• প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ডিএনসিসি।<br>• প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, ডিএনসিসি। |
| | ৩. | জাতির পিতার প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদনের জন্য মানসম্মত ২টি ফুলের তোড়া, প্রয়োজনীয় সংখ্যক কালো ব্যাচ এবং একটি ব্যানার তৈরীর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | • সচিব, ডিএনসিসি<br>• প্রধান সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা |

| আলোচ্য বিষয়-০৪ | **জাতীয় শোক দিবস উপলক্ষে মসজিদে বিশেষ মোনাজাত ও অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানে বিশেষ প্রার্থনা** |
|---|---|
| আলোচনা ও সিদ্ধান্ত | কেন্দ্রীয় কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে ১৫ আগস্ট ২০২২ তারিখে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন এলাকার মসজিদসমূহে বাদ জোহর বিশেষ মোনাজাত এবং মন্দির, গির্জা, প্যাগোডা ও অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানে সুবিধাজনক সময়ে বিশেষ প্রার্থনার আয়োজন করা হবে।<br>সকল সম্মানিত কাউন্সিলর ও আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাগণ বিষয়টি নিশ্চিত করবেন। |
| বাস্তবায়ন | সম্মানিত কাউন্সিলর (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন<br>আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন |

| আলোচ্য বিষয়-০৫ | **জাতীয় শোক দিবস পালন উপলক্ষে কমিটি গঠন** |
|---|---|
| আলোচনা | স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৭তম শাহাদত বার্ষিকীতে যথাযথ মর্যাদায় জাতীয় শোক দিবস পালনের লক্ষ্যে (ক) কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটি (খ)বনানী কবরস্থানের সার্বিক ব্যবস্থাপনা উপ-কমিটি গঠনের প্রয়োজনীয়তা নিয়ে বিস্তারিত আলোচনা হয়। |
| গৃহীত সিদ্ধান্ত | বিস্তারিত আলোচনার পর নিম্নবর্ণিত কমিটি ও উপ-কমিটি গঠনের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়:<br>**কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটি:** |

| | | | |
|---|---|---|---|
| ১. | জনাব মোঃ আতিকুল ইসলাম, মাননীয় মেয়র | - | আহ্বায়ক |
| ২. | প্রধান নির্বাহী কর্মকর্তা | - | সদস্য |
| ৩. | সম্মানিত কাউন্সিলর (সকল) | - | সদস্য |
| ৪. | বিভাগীয় প্রধান (সকল) | - | সদস্য |
| ৫. | আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল) | - | সদস্য |

**বনানী কবরস্থানের সার্বিক ব্যবস্থাপনা উপকমিটি:**

| | | | |
|---|---|---|---|
| ১. | সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-১৯ | - | আহ্বায়ক |
| ২. | প্রধান প্রকৌশলী | - | সদস্য |
| ৩. | প্রধান স্বাস্থ্য কর্মকর্তা | - | সদস্য |
| ৪. | প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা | - | সদস্য |
| ৫. | আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-৩ | - | সদস্য |
| ৬. | প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা | - | সদস্য |
| ৭. | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (বিদ্যুৎ) | - | সদস্য |
| ৮. | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যান্ত্রিক) | - | সদস্য |
| ৯. | নির্বাহী প্রকৌশলী, অঞ্চল-৩ | - | সদস্য |

| আলোচ্য বিষয়-০৬ | **জাতীয় শোক দিবস উপলক্ষ্যে জাতীয় সংসদ ভবনে মোমবাতি প্রজ্জলন,জাতীয় শোক দিবসের পোস্টার স্থাপন, এলইডি ডিসপ্লে'র মাধ্যমে প্রচারণা, নিজস্ব ভবনে ড্রপ ওয়াল ব্যানার প্রদর্শন, On Line পোস্টার প্রদর্শন/প্রচার।** |
|---|---|

**আলোচনা ও সিদ্ধান্ত**

১। স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৭তম শাহাদত বার্ষিকীতে যথাযথ মর্যাদায় জাতীয় শোক দিবস পালনের লক্ষ্যে জাতীয় কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে মাননীয় মেয়র আগামী ১৪/০৮/২০২২ খ্রি: তারিখ রাত ১২.০০ টায় জাতীয় সংসদ ভবনে মোমবাতি প্রজ্জলন করবেন । মাননীয় স্পিকার, জাতীয় সংসদ এ সময় উপস্থিত থাকার বিষয় সদয় সম্মতি জ্ঞাপন করেছেন । এতে অংশগ্রহণ করবেন ডিএনসিসি'র সম্মানিত কাউন্সিলর (সকল), আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল) এবং বিভাগীয় প্রধান (সকল) ।

বর্ণিত মোমবাতি প্রজ্জলন কার্যক্রম সুষ্ঠুভাবে আয়োজনের জন্য নিম্নরুপ কমিটি গঠন করা হলোঃ

| | | | |
|---|---|---|---|
| ১. | প্রধান সম্পত্তি কর্মকর্তা | - | আহ্বায়ক |
| ২. | আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-৫ | - | সদস্য |
| ৩. | প্রধান ভান্ডার ও ক্রয় কর্মকর্তা | - | সদস্য |
| ৪. | নির্বাহী প্রকৌশলী, অঞ্চল-৫ | - | সদস্য |
| ৫. | প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা | - | সদস্য-সচিব |

২। ঢাকা শহরের গুরুত্বপূর্ণ স্থানে জাতীয় শোক দিবসের পোস্টার স্থাপন ও এলইডি ডিসপ্লে'র মাধ্যমে ব্যাপকভাবে প্রচারণার ব্যবস্থা গ্রহণ করা হবে। Webpage ও Facebook এর মাধ্যমে জাতীয় শোক দিবসে On Line পোস্টার প্রদর্শন করা হবে।

৩। নিজস্ব ভবনে আরও উন্নতমানের ড্রপ ওয়াল ব্যানার করতে হবে, ভালোভাবে লাগাতে হবে, যাতে খুলে না যায় এবং ব্যানার প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। অনুষ্ঠান শুরুর ২দিন পূর্বে ১৩ আগষ্ট ২০২২ তারিখের মধ্যে যাবতীয় প্রস্তুত সম্পন্ন করতে হবে।

**বাস্তবায়ন**

- গঠিত কমিটি, ডিএনসিসি
- প্রধান রাজস্ব কর্মকর্তা, ডিএনসিসি
- প্রধান সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, ডিএনসিসি
- জনসংযোগ কর্মকর্তা, ডিএনসিসি
- সিস্টেম এনালিস্ট, ডিএনসিসি।

| আলোচ্য বিষয়-০৭ | **কালো ব্যাচ ধারণ।** |
|---|---|

**আলোচনা ও সিদ্ধান্ত**

১. ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সকল কর্মকর্তা/কর্মচারিগণ ১লা আগষ্ট হতে মাসব্যাপী কালো ব্যাজ ধারণ করবে।

২. প্রয়োজনীয় সংখ্যক কালো ব্যাচ, সেপটিপিন বিতরণসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করা হয়।

**বাস্তবায়ন**

- সম্মানিত কাউন্সিলর (সকল), ডিএনসিসি

| | |
|---|---|
| | • বিভাগীয় প্রধান (সকল), ডিএনসিসি<br>• প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, ডিএনসিসি<br>• আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), ডিএনসিসি। |

সভাপতি জাতীয় শোক দিবস ২০২২ যথাযথ মর্যাদায় ও ভাবগাম্ভীর্যের সঙ্গে পালনের লক্ষ্যে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণের জন্য অনুরোধ জানান এবং গৃহীত কর্মসূচির যথাযথভাবে বাস্তবায়নের জন্য সকলের প্রতি আহ্বান জানান। সভায় আর কোনো আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ সেলিম রেজা)
প্রধান নির্বাহী কর্মকর্তা
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

নং-৪৬.১০.০০০০.০১৩.৯৯.৩১৭/১.১৫-৪০৩

তারিখঃ ১৮ শ্রাবণ ১৪২৯ বঙ্গাব্দ
০২ জুলাই ২০২২ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৪. প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর, বন ভবন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
৫. সম্মানিত কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড নং ........./সংরক্ষিত আসন নং ............, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৬. বিভাগীয় প্রধান (সকল) ............................................................, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৭. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৮. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), অঞ্চল ..............., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৯. মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১০. উপ প্রধান রাজস্ব কর্মকর্তা (পৌরকর), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১১. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর)/(বিদ্যুৎ)/(যান্ত্রিক)/টিইসি/পরিবেশ, জলবায়ু ও দুর্যোগ ব্যবস্থাপনা সার্কেল, ডিএনসিসি।
১২. বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১৩. স্বাস্থ্য কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১৪. নির্বাহী প্রকৌশলী, অঞ্চল-৩, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১৫. সিস্টেম এনালিস্ট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। ডিএনসিসি'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১৬. অফিস কপি।

প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।